

আলেকজান্দ্রিয়া গ্রন্থাগার এবং ক্যালিমাঙ্কাসের 'পিনাকস' — একটি প্রাচীন গ্রন্থাগারের জ্ঞান সম্পদ অনুসন্ধানের চাবিকাঠি

ডঃ সুবল চন্দ্র বিশ্বাস*

গ্রন্থাগারিক, ডঃ বি. সি. রায় ইঞ্জিনিয়ারিং কলেজ, দুর্গাপুর
(প্রাক্তন অধ্যাপক, গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিভাগ, বর্ধমান বিশ্ববিদ্যালয়)

পিথাগোরাস থেকে ইউক্লিড, হোমার থেকে সোফোক্লিস, এবং প্লেটো থেকে অ্যারিস্টটল, প্রাচীন গ্রিসের পণ্ডিত, কবি, নাট্যকার এবং দার্শনিকরা গভীরভাবে পশ্চিমী সভ্যতাকে প্রভাবিত করেছেন। পাশ্চাত্যের বেশিরভাগ বিজ্ঞান, সাহিত্য এবং দর্শন, এবং তাদের সংগঠিত করার জন্য ব্যবহৃত পদ্ধতিগুলির শিকড় প্রোথিত আছে প্রাচীন এই সময়কালে।

ম্যাসেডোনিয়ার রাজা আলেকজান্ডার দ্য গ্রেট, খ্রিস্টপূর্ব তৃতীয় শতাব্দীতে গ্রিস এবং পরিচিত বিশ্বের অনেকটাই জয় করেছিলেন। তাঁর বিজয় অভিযানের ফলশ্রুতিতে, গ্রিক সংস্কৃতির সর্বাধিক গতিশীল কেন্দ্রগুলি তাই মূল গ্রিস ভূখণ্ডের বাইরেই অবস্থিত ছিল। প্রাচীন মিশরে নীল নদের বদ্বীপ অঞ্চলে তিনি গ্রিক সাম্রাজ্যের রাজনৈতিক এবং সাংস্কৃতিক আধিপত্যের একটি নিদর্শন স্থাপনের পরিকল্পনা করেছিলেন। সেটি ছিল প্রাচীন আলেকজান্দ্রিয়া নগর, যা আলেকজান্ডার স্বয়ং ৩৩১ খ্রিস্টপূর্বাব্দে প্রতিষ্ঠা করেছিলেন এবং নিজের নামে তার নামকরণ করেছিলেন। ৩২৩ খ্রিস্টপূর্বাব্দে আলেকজান্ডার দ্য গ্রেটের মৃত্যুর পর, তার সাম্রাজ্য তিনটি অংশে বিভক্ত হয়েছিল। অ্যান্টিগোনিডরা গ্রিসকে নিয়ন্ত্রণ করেছিল, সেলিউসিডরা এশিয়া মাইনর, সিরিয়া ও মেসোপটেমিয়ার বেশিরভাগ অংশ শাসন করেছিল এবং টলেমিরা মিশরে আধিপত্য বিস্তার করেছিল। রাষ্ট্র ক্ষমতা দখলের পর মিশরে রাজা প্রথম টলেমি'র (৩০৫-২৮২ খ্রিস্টপূর্বাব্দ; যিনি Ptolemy, the Soter; অর্থ the Saviour বা 'রক্ষাকর্তা', নামেও পরিচিত) প্রয়োজন ছিল তাঁর শাসনের জন্য একটি নৈতিক ভিত্তি তৈরি করা। তাই আলেকজান্ডারের সাথে তাঁর নিজের ঘনিষ্ঠ সম্পর্কের কথা প্রচার করে তিনি নিজের অবস্থানকে বৈধ প্রমাণ করার চেষ্টা করেছিলেন। কথিত আছে তিনি আলেকজান্ডারের মৃতদেহ চুরি করেছিলেন এবং আলেকজান্দ্রিয়া শহরে সমাধিস্থ করার জন্য তা মিশরে এনেছিলেন। টলেমি, আলেকজান্ডার দ্য গ্রেটের বন্ধু এবং

একজন ইতিহাসবিদ ছিলেন। তিনি আলেকজান্ডারের বিজয় অভিযানের একটি বিবরণও লিখেছেন। টলেমি শুধুমাত্র একজন বীর যোদ্ধা এবং একজন বিচক্ষণ শাসকই ছিলেন না, তিনি একজন বুদ্ধিজীবীও ছিলেন। সকলপ্রকার পাণ্ডিত্যপূর্ণ কার্যকলাপে উৎসাহ প্রদান এবং সৃজনশীল শিল্পীদের অদৃষ্টপূর্ব পৃষ্ঠপোষকতার কাজে তিনি সাফল্য অর্জন করেন। এইভাবে তিনি নিজেকে আলেকজান্ডারের সাথে একটি রাজনৈতিক এবং রাজবংশীয় যোগসূত্রে আবদ্ধ করেন, এবং মিশরের গ্রিক অধিবাসীদের সাথে তাদের নিজস্ব গরিমাময় গ্রিক অতীতের একটি সাংস্কৃতিক সংযোগ স্থাপন করতে সফল হ'ন।^(১)

রাজা প্রথম টলেমি আলেকজান্দ্রিয়া নগরে একটি গ্রন্থাগার তথা সংগ্রহশালাও প্রতিষ্ঠা করেন, যা ইতিহাসে প্রাচীন আলেকজান্দ্রিয়া গ্রন্থাগার নামে পরিচিতি লাভ করেছে। তবে এর আসল প্রতিষ্ঠাতা ছিলেন ফ্যালেরনের ডেমেট্রিয়াস (Demetrius of Phaleron)। গ্রিসের রাজধানী এথেন্সে, ডেমেট্রিয়াস তার নিজস্ব প্রচুর প্রকাশনা এবং অ্যারিস্টটল ও থিওফ্রাস্টোসের (দার্শনিক প্রধান হিসাবে অ্যারিস্টটলের স্কুলের উত্তরসূরি) সাথে ঘনিষ্ঠতার কারণে যথেষ্ট পাণ্ডিত্যপূর্ণ খ্যাতি অর্জন করেছিলেন। ক্যাসান্ডারের শাসক (রিজেন্ট) হিসেবে এক দশক স্বৈরাচারীভাবে এথেন্স শাসন করে, ৩০৭ খ্রিস্টপূর্বাব্দে যখন পিরাউস অ্যান্টিগোনিড বাহিনী দ্বারা অবরুদ্ধ হয়, ডেমেট্রিয়াস তখন অ্যাটিকা থেকে পালিয়ে এসেছিলেন এবং তাকে নির্বাসনে যেতে হয়। রাজা প্রথম টলেমি তাকে রাজনৈতিক আশ্রয় প্রদান করেন। ডেমেট্রিয়াস বসতি স্থাপন করেন আলেকজান্দ্রিয়ায়, একটি নতুন শহর যা প্রতিষ্ঠিত হয়েছিল মাত্র অল্প কিছুকাল পূর্বে। ডেমেট্রিয়াস আলেকজান্দ্রিয়াকে এথেন্সের একটি প্রতিরূপ হিসাবে তার রূপান্তরের পরিকল্পনাকে এগিয়ে নিয়ে গিয়েছিলেন, যেটি রাজার দ্বারা সম্পূর্ণরূপে অনুমোদিত হয়েছিল। যেহেতু ডেমেট্রিয়াস তার স্বাধিকারেই একজন বিশিষ্ট পণ্ডিত ছিলেন, এতে অবাধ হওয়ার কিছু নেই যে তিনি এথেন্সের

* দূরভাষ - ৯৩৮২৫ ৭২৬১০